প্রথম আলো

তারিখ: 20 JUL 2017
পৃষ্ঠা: ৪ কলাম: ৬

# অবসর ও কল্যাণ সুবিধার টাকা কাটার হার বাড়ছে না

নিজস্ব প্রতিবেদক ●

এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের আপত্তির মুখে অবসর ও কল্যাণ সুবিধার জন্য তাঁদের কাছ থেকে কেটে নেওয়া টাকার হার বাড়ানোর সিদ্ধান্ত স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল বুধবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ *প্রথম আলো*কে এ সিদ্ধান্ত স্থগিত করার কথা জানান।

শিক্ষামন্ত্রী বলেন, এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের সঙ্গে আলোচনা করেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। এখন যেহেতু এটা নিয়ে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে, তাই সিদ্ধান্ত স্থগিত করা হয়েছে।

বর্তমানে প্রতি মাসে অবসরের জন্য একেকজন শিক্ষক-কর্মচারীর কাছ থেকে ৪ শতাংশ ও কল্যাণ সুবিধার জন্য ২ শতাংশ টাকা কেটে রাখা হয়। সম্প্রতি এ হার বাড়ানোর সিদ্ধান্ত হয়। নতুন সিদ্ধান্ত অনুযায়ী অবসরের জন্য মূল বেতনের ৬ শতাংশ ও কল্যাণ সুবিধার জন্য ৪ শতাংশ টাকা কেটে রাখার কথা ছিল। কল্যাণ সুবিধার জন্য বর্ধিত হারে টাকা কাটার বিষয়ে প্রজ্ঞাপনও জারি হয়েছিল।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............................
তারিখ............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর